01733/15

I - 1546/15

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL B 812838

18.2.15

I-1533/15

Certified that the document is admitted to registration. The Signature Sheet and endorsement Sheets Attached to the document are the part of the document.

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, 24-Pgs. (North)

18 FEB 2015

## শুভ দানপত্র দলিল

<u>দানপত্র দাত্রী</u> : শ্রীমতী রিক্তা রায়, স্বামী স্বর্গত অনিল রায়, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী, ভারতীয় নাগরিক, সাকিন - ৭৯/১, ঘনশ্যাম ব্যানার্জী রোড, পোঃ ও থানা - নিমতা, কলকাতা - ৭০০০৪৯।

Rikta Roy

No. 5970 Date 13/2/15
Sold to Rikta Roy
of 79/1 Ghana Shyam Banerjee Road Kol-49 PS. Nimta
Rupees 5000/-

Samiran Das
Stamp Vendor
Alipore Police Court
South 24 Pgs., Kol-27

5970 — 5000/- (Five thousand only)

Sanjay Ghosh
S/o Lt Dharani Dhar Ghosh
of 36 Patra Road
Nimta Kol-49

SEAL OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR COSSIPORE DUM DUM ★ NORTH 24 PGS. ★

Addl. District Sub-Registrar
Cossipore Dum-Dum 24 Pgs (N)

18 FEB 2015

<u>দানপত্র গ্রহীতা</u> ঃ **শ্রীমতী প্রনতি রায়,** পিতা স্বর্গত অনিল রায়, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী, ভারতীয় নাগরিক, সাকিন - ৭৯/১, ঘনশ্যাম ব্যানার্জ্জী রোড, পোঃ ও থানা - নিমতা, কলকাতা - ৭০০০৪৯।

কস্য শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা উত্তর ২৪-পরগনা, সাবেক থানা দমদম হাল নিমতা, এ. ডি. এস. আর. কাশীপুর দমদমের অন্তর্গত নর্থ দমদম পৌরসভার এলাকাধীন মৌজা উত্তর নিমতা গ্রামে রায়ত দখলি স্বত্বীয় ১৩১৭ নং খতিয়ানে মোট .২৪ শতক জমি যাহা শ্রী প্রানকৃষ্ণ ঘোষ, শ্রী শ্যামা চরন ঘোষ ও শ্রী জীবন চন্দ্র ঘোষ এই তিন ভ্রাতা একত্রে বিগত ইংরাজীর ৮/৪/১৯৫৪ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৩১ নং ভল্যুমের ৯৯ হইতে ১০০ নং পাতায় লিখিত ১৯৭২ নং সাফ কোবালা দলিল মূলে তৎকালীন মালিক শ্রী বিনয় কৃষ্ণ পান্ডর নিকট খরিত করতঃ নির্ব্যূঢ় স্বত্বে ও খাসে ভোগ দখলিকার থাকাবস্থায় উক্ত জমি জমা বিগত ইংরাজী ১৯৫৫ সালের ১৬ই আগষ্ট ঐ অফিসের ১ নং বহির ১০১ নং ভল্যুমের ৮১ হইতে ৮২ নং পাতায় লিখিত ৬৮৮২ নং কোবালা দলিল মূলে নিমতা নিবাসী শ্রী শম্ভুনাথ ঘোষ মহাশয়কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। অতঃপর উক্ত শ্রী শম্ভুনাথ ঘোষ মহাশয় উপরি উল্লেখিত জমি জমার ষোল আনা রকমের মালিক ও দখলিকার থাকাবস্থায় উক্ত জমি জমার অন্দর হইতে ২ (দুই) কাঠা জমি জমা ইংরাজী ২৩.২.১৯৮৩ তারিখে ১৮১৪ নং সাফ কোবালা দলিল মূলে ইষ্ট বেলঘরিয়া

Rikta Roy

ফার্ষ্ট লেন, কলিকাতা -৭০০০৮৩ নিবাসী শ্রী শিবু চন্দ ও শ্রী কল্যান কর মহাশয়-কে বিক্রয় করিয়া দিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। অতঃপর উক্ত রূপে প্রাপ্ত শ্রী শিবু চন্দ ও শ্রী কল্যান কর উক্ত ২ (দুই) কাঠা ডাঙ্গা জমি জমা অন্যের নিরাংশে নির্বিবাদে খাসে ভোগ দখল থাকাবস্থায় বিগত ইংরাজী ১.৬.১৯৮৯ তারিখে এ. ডি. এস. আর. কাশীপুর দমদম অফিসে একখানি সাফ বিক্রয় কোবালা দলিল বলে জেলা উত্তর ২৪-পরগনা, থানা নিমতা, নর্থ দমদম পৌরসভার ২ নং ওয়ার্ডের কেদারনাথ ঘোষ রোড প্রেমিসেস ভুক্ত মৌজা উত্তর নিমতা গ্রামে জে. এল. নং ২, রে. সা. নং ১০২, ১৩১৭ নং খতিয়ান ভুক্ত ১৭২/১৭৩ নং তৌজি ভুক্ত, ৯২ নং দাগে উক্ত ২ (দুই) কাঠা ডাঙ্গা জমি জমা শ্রী উদয় শঙ্কর চক্রবর্ত্তী, শ্রী বিমল চক্রবর্ত্তী, উভয়ের পিতা বিজয় শঙ্কর চক্রবর্ত্তী মহাশয়কে বিক্রয় করেন। যাহা উক্ত রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১৩ নং ভল্যুমের ৪০৫ হইতে ৪১০ নং পাতায় লিখিত ৩২৪৮ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে লিপিবদ্ধ আছে এবং উপরি উল্লেখিত রূপে প্রাপ্ত উক্ত ২ (দুই) কাঠা শালি জমি জমা অন্যের নিরাংশে ও নির্বিবাদে খাসে ভোগ দখল করাকালীন উক্ত শ্রী উভয় শঙ্কর চক্রবর্ত্তী ও শ্রী বিমল চক্রবর্ত্তী ইংরাজী ৯.১.১৯৯৮ তারিখে এককেতা দলিল মূলে শ্রী অনিল রায় মহাশয়-কে বিক্রয় করেন এবং উক্ত দলিল খানি এ. ডি. এস. আর. কাশীপুর দমদম অফিসে ১ নং বহির ১৬ নং ভল্যুমের ১৩৬ হইতে ১৪৭ নং পাতায় লিখিত ৬৫৪ নং সাফ কোবালা দলিল মূলে লিপিবদ্ধ আছে।

Rikta Roy.

অনুরূপভাবে, জেলা উত্তর ২৪-পরগনা, সাবেক থানা দমদম, হাল নিমতা এ. ডি. এস. আর. কাশীপুর দমদম অন্তর্গত নর্থ দমদম পৌরসভার এলাকাধীন মৌজা উত্তর নিমতা গ্রামে ১৭২ নং তৌজির ৬৫৮ নং খতিয়ান ভুক্ত ৯৮ নং দাগের জমি জমা সহ অন্যান্য সম্পত্তি যাহা জনৈক নকুল চন্দ্র ঘোষ মহাশয় পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকাকালীন বিগত ইংরাজী ২২.৭.১৯৯২ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির, ৯৮ নং ভল্যুমের ২৯৩ হইতে ৩০০ নং পাতায় লিখিত ৪২৬৭ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে ১ (এক) কাঠা ১০ (দশ) ছটাক শালি জমি জমা জনৈক শ্রীমতী লীলা বসু রায় মহাশয়াকে সাফ বিক্রয় করিয়া দিয়া চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। অতঃপর উক্ত লীলা বসু রায় উক্ত জমি জমা নিজ খাসে ভোগ দখল করিতে থাকাকালীন শ্রী আনন্দ দেবনাথ পিতা শ্রী গোপাল চন্দ্র দেবনাথ মহাশয়কে ১৯৯৭ সালে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ১৮ ন নং ভল্যুমের ৩৩৩ হইতে ৩৩৮ নং পাতায় নকলকৃত ৭৬৮ নং এককেতা কোবালা দলিল মূলে বিক্রয় করিয়া দখলচ্যুত হয়েন। এমতপ্রকারে উক্ত জমি জমা ভোগ দখল করাকালীন উক্ত শ্রী আনন্দ দেবনাথ মহাশয় ইংরাজী ৯.৭.১৯৯৭ সালে একটি এককেতা দলিল মূলে শ্রী অনিল রায় (অত্র দানপত্র দাত্রীর স্বামী) মহাশয়কে বিক্রয় করেন এবং উক্ত দলিল খানি এ. ডি. এস. আর. কাশীপুর দমদম রেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ১০১ নং ভল্যুমের ২৬৯ হইতে ২৭৪ নং পাতায় লিখিত ৪২০৯ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে লিপিবদ্ধ আছে।

Rikta Roy

উপরি উল্লেখিত রূপে উক্ত শ্রী নকুল চন্দ্র ঘোষ মহাশয় তাহার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত উক্ত ১৪ শতক জমি জমার অন্দর হইতে অপর আর একটি কমবেশী ২ (দুই) কাঠা জমি জমা জনৈক সন্তোষ কুমার দাস পিতা শ্রী কৈলাস চন্দ্র দাস মহাশয়কে একখানি এককেতা দলিল মূলে বিক্রয় করিয়া দিয়া থাকেন এবং উক্ত কোবালা দলিল খানি বিগত ইংরাজী ১৯৯৩ সালের কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ১৩০ নং ভল্যুমের ২০১ হইতে ২০৮ নং পাতায় লিখিত ৪৪০৮ নং এককেতা দলিল রূপে লিপিবদ্ধ আছে এবং উপরি উল্লেখিত রূপে প্রাপ্ত উক্ত ২ (দুই) কাঠা শালি জমি জমা অন্যের নিরাংশে ও নির্বিবাদে খাসে ভোগ দখল করাকালীন উক্ত শ্রী সন্তোষ কুমার দাস ইংরাজী ১৬.৬.১৯৯৭ সালে একটি একটি এককেতা দলিল মূলে শ্রী অনিল রায় (অত্র দানপত্র দাত্রীর স্বামী)মহাশয়কে বিক্রয় করেন এবং উক্ত দলিল খানি এ. ডি. এস. আর. কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির, ৯০ নং ভল্যুমের ৬৯ হইতে ৭৪ নং পাতায় লিখিত ৩৬৭১ নং সাফ বিক্রয় দলিল মূলে লিপিবদ্ধ আছে।

উপরি উল্লেখিত রূপে উক্ত শ্রী নকুল চন্দ্র ঘোষ মহাশয় তাহার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত উক্ত ১৪ শতক জমি জমার অন্দর হইতে অপর আর একটি কমবেশী ১ (এক) কাঠা ৮ (আট) ছটাক ৪২ (বিয়াল্লিশ) বর্গফুট জমি জমা জনৈক শ্রী বিমল কুমার হালদার পিতা শ্রী তারাপদ হালদার মহাশয়কে একখানি এককেতা দলিল মূলে বিক্রয় করিয়া দিয়া থাকেন এবং উক্ত কোবালা দলিল খানি বিগত ইংরাজী ১৯৯১ সালের কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ১০৩

Rikta Roy

নং ভল্যুমের ২১৭ হইতে ২২২ নং পাতায় লিখিত ৪৪১০ নং এককেতা দলিল রূপে লিপিবদ্ধ আছে এবং উপরি উল্লেখিত রূপে প্রাপ্ত জমি জমা অন্যের নিরাংশে ও নির্বিবাদে খাসে ভোগ দখল করাকালীন উক্ত শ্রী বিমল কুমার হালদার ইংরাজী ১৬.৬.১৯৯৭ সালে একটি এককেতা দলিল মূলে শ্রী অনিল রায় (অত্র দানপত্র দাত্রীর স্বামী) মহাশয়কে বিক্রয় করেন এবং উক্ত দলিল খানি এ. ডি. এস. আর. কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির, ৯৩ নং ভল্যুমের ৩৮৩ হইতে ৩৮৬ নং পাতায় লিখিত ৩৮৩২ নং সাফ বিক্রয় দলিল মূলে লিপিবদ্ধ আছে।

উপরি উল্লেখিত রূপে উক্ত শ্রী নকুল চন্দ্র ঘোষ মহাশয় তাহার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত উক্ত ১৪ শতক জমি জমার অন্দর হইতে অপর আর একটি কমবেশী ১ (এক) কাঠা ৭ (সাত) ছটাক ২১ (একুশ) বর্গফুট শালি জমি জমা একটি সাফ বিক্রয় কোবালা দলিল মূলে জনৈক কেদারনাথ রোড, নিমতা নিবাসী শ্রী প্রবীর ঘোষ মহাশয়কে বিক্রয় করেন। উক্ত কোবালা দলিল খানি বিগত ইংরাজী ১৪.৮.১৯৯১ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ১০৩ নং ভল্যুমের ২০৯ হইতে ২১৬ নং পাতায় লিখিত ৪৪০৯ নং এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল রূপে লিপিবদ্ধ আছে এবং উপরি উল্লেখিত রূপে প্রাপ্ত জমি জমা অন্যের নিরাংশে ও নির্বিবাদে খাসে ভোগ দখল করাকালীন উক্ত শ্রী প্রবীর ঘোষ মহাশয় বিগত ইংরাজী ১৫.১১.১৯৯৬ তারিখে একটি এককেতা দলিল মূলে শ্রী অনিল রায় (অত্র দানপত্র দাত্রীর স্বামী) মহাশয়কে বিক্রয় করেন এবং উক্ত দলিল খানি এ. ডি. এস. আর. কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির,

Riketa Roy

১১২ নং ভল্যুমের ১১৯ হইতে ১২৪ নং পাতায় লিখিত ৫১১৫ নং সাফ বিক্রয় দলিল মূলে লিপিবদ্ধ আছে।

এমতপ্রকারে উপরি উল্লেখিত রূপে আমার স্বামী শ্রী অনিল রায় পাঁচটি ভিন্ন ভিন্ন কোবালা দলিল মূলে জেলা উত্তর ২৪-পরগনা, সাবরেজিষ্ট্রী অফিসে কাশীপুর দমদম এলাকাধীন, থানা নিমতা, মৌজা উত্তর নিমতা, জে. এল. নং ২, আর. এস. খতিয়ান নং ১৩৯৭, দাগ নং ৯২ ভুক্ত ৬৫৪ নং দলিল মোতাবেক কমবেশী ২ (দুই) কাঠা শালি জমি এবং আর. এস. খতিয়ান নং ৬৫৮, আর. এস. দাগ নং ৯৮ এর অন্তর্গত ৪২০৯ নং দলিল মোতাবেক ১ (এক) কাঠা ১০ (দশ) ছটাক শালি জমি আর. এস. খতিয়ান নং ৬৫৮ এবং আর. এস. দাগ নং ৯৮ এর অন্তর্গত ৩৬৭১ নং দলিল মোতাবেক ২ (দুই) কাঠা শালি জমি, আর. এস. খতিয়ান নং ৬৫৮, আর. এস. দাগ নং ৯৮ এর অন্তর্গত ৩৮৩২ নং দলিল মোতাবেক ১ (এক) কাঠা ৮ (আট) ছটাক ৪২ (বিয়াল্লিশ) বর্গফুট শালি জমি জমা এবং আর. এস. খতিয়ান নং ৬৫৮, আর. এস. দাগ নং ৯৮ এর অন্তর্গত ৫১১৫ নং দলিল মোতাবেক ১ (এক) কাঠা ৭ (সাত) ছটাক ২১ (একুশ) বর্গফুট শালি জমি জমা, একুনে সর্বমোট ৮ (আট) কাঠা ১০ (দশ) ছটাক ১৮ (আঠারো) বর্গফুট শালি জমি জমার মালিক ও দখলীকার থাকা অবস্থায় আমাকে তাঁহার স্ত্রী বিধায় এবং অত্র দানপত্র গ্রহিত্রী অর্থাৎ তোমায় একমাত্র কন্যা বিধায় রাখিয়া পরলোক গমন করিলে পর হিন্দু উত্তরাধিকার আইন মোতাবেক তাঁহার ত্যক্ত সম্পত্তিতে আমি অর্থাৎ অত্র দানপত্র দাত্রী অবিভক্ত আট আনা (অর্থাৎ ৪ কাঠা ৫ ছটাক ৯ বর্গফুট শালি জমি জমা) রকম ভাবে মালিক

Rikta Roy.

ও দখলীকার হই এবং তথায় মালিকানা হিসাবে ভোগদখলে বিদ্যমান আছি এবং রহিতেছি এবং তাহা হস্তান্তর যোগ্য নির্ব্যূঢ় স্বত্বে একমাত্র আমার উপরে বিদ্যমান আছে।

এক্ষনে তুমি অর্থাৎ অত্র দানপত্র গ্রহিত্রী আমার কন্যা হইতেছ। যদ্যপি তোমাকে আমি উপযুক্ত পাত্রের সহিত বিবাহ দিয়াছি। তবুও এক্ষনে তুমি আমার প্রতি সর্ব্বদা সমুদয় কর্তব্য পালন করিয়া আসিতেছ এবং সর্ব্বপরি তুমি আমাকে সর্বদা অতি ভক্তি শ্রদ্ধা কর এবং অদূর ভবিষ্যতে এইরূপ করিবে বলিয়া আমি আশা করি সেই কারনে আমি তোমার প্রতি আমার স্বাভাবিক স্নেহের নিদর্শন স্বরূপ আমার পক্ষের ও ভোগ দখলীয় জমি জমা যাহা নিম্নের তপশীলে বিশেষরূপে বর্নিত হইল তাহা আমি আমা মোতাবেক ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা বাজার মূল্য ধরিয়া সেই অনুযায়ী তুল্যাংশে স্ট্যাম্প প্রদান করিয়া অদ্য রোজ তোমাকে নিঃস্বত্ব দান করিয়া দানকৃত সম্পত্তি হইতে এককালীন চিরতরে নিঃস্বত্ব ও স্বত্বত্যাগী ও দখলহীন হইয়া অদ্যই উহাতে তোমাকে খোলসা খাস দখল বুঝাইয়া দিলাম।

তুমি অত্র দানপত্র গ্রহিত্রী অদ্যরোজ হইতে নিম্ন তপশীলে বর্নিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ত্ববান ও দখলে দখলীকার হইয়া সরকার বাহাদুরের সেরেস্তায় ও স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশানে উক্ত দানকৃত জমি জমার নিরিখে তোমার নিজ নাম জারী পত্তন করিয়া এবং সর্বপরি আমার স্বামী অর্থাৎ তোমার পিতার ত্যক্ত সম্পূর্ন জমি জমা অর্থাৎ ৮ (আট) কাঠা ১০ (দশ) ছটাক ১৮ (আঠারো) বর্গফুট শালি জমি জমার পূর্ণ মালিক হইয়া সন সন খাজনা আদায় দিতে থাকিয়া গৃহাদি

Rikta Roy.

সংস্কার পুবর্বক আইনানুগ দালাল ইমারতাদি নির্মানে, বৃক্ষাদি রোপনে, ছেদনে, কুপ, নলকুপ, ড্রেন পায়খানা ইত্যাদি নির্মানে বা খননে বৈদ্যুতিক তার সংযোগাদি লইয়া দখল কার্য্য পরিচালনে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব প্রকার হস্তান্তর, রূপান্তর, ভাড়া আদায়ের উপযুক্ত ক্ষমতা ধারনে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক। তাহাতে কস্মিনকালেও আমি বা আমার ওয়ারিশানগণ বা স্থলাভিষিক্তগণক্রমে কাহার কোনপ্রকার ওজর আপত্তি রহিবে না রহিল না, যদি তাহা করি বা কেহ করে তবে তাহা সবর্বদা সবর্বস্থানে, সবর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর এবং অগ্রাহ্য হইবে।

প্রকাশ থাকে যে, দানকৃত সম্পত্তি ইতিপূর্বে কাহাকেও কোনদিন কোনপ্রকার হস্তান্তর করি নাই বা ঐইরূপ কোনপ্রকার হস্তান্তর করিবার প্রতিশ্রুতি দিই নাই। উহা সম্পূর্ন নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় তোমাকে নিঃস্বত্ব দান করিলাম এবং অদ্যই তোমাকে উহার খাস খোলসা দখল বুঝাইয়া দিলাম এবং উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে, যদি আমার ভুলভ্রান্তি বশতঃ বা তোমার স্বত্বের দৃঢ়তার জন্য অথবা অন্য কোন কারনে কোনরূপ সংশোধনী বা পরিপোষক দলিল করিবার প্রয়োজন হয় তবে তাহাও আমি নিজ খরচায় তোমার নাম বরাবর লিখিত পঠিত ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিব।

Rikta Roy

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, সরলান্তঃকরনে অন্যের বিনানুরোধে এবং অন্যের বিনা প্ররোচনায় অত্র দানপত্র দলিল প্রস্তুত করিয়া ও পঠন করিয়া এবং উহার মর্ম ও ফলাফল যথাযথ অবগত হইয়া অদ্য তারিখে দানপত্র গ্রহিত্রী তোমার অনুকূলে অত্র দানপত্র দলিল সহি সম্পাদন করিলাম ও রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০১৫ সালের ১৮ ই মে:

মোতাবেক বাংলা ১৪২১ সালের ৬ ই অগ্রহায়ণ।

*-ঃঃ <u>তপশীল দানকৃত সম্পত্তির পরিচয়</u> ঃঃ-*

জেলা উত্তর ২৪-পরগনা, সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম এলাকাধীন থানা নিমতা, মৌজা উত্তর নিমতা, জে. এল. নং ২, তৌজি নং ১৭২ ও ১৭৩, বর্তমানে নর্থ দমদম পৌরসভার ৬ নং ওয়ার্ড ভুক্ত নিম্নে বিশেষরূপে বর্নিত ৪ (চার) কাঠা ৫ (পাঁচ) ছটাক ৯ (নয়) বর্গফুট শালি জমি জমা মায় যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি ও উপস্বত্বাদি অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। যাহার হোল্ডিং নম্বর হইল বি-এইচ-৩ (৮/১/১) এবং ১৯৯ (৪৩৬) ঘনশ্যাম ব্যানার্জী রোড, কলিকাতা - ৭০০০৪৯।

| দাগ নং | খতিয়ান নং | জমির শ্রেনী | জমির পরিমান |
|---|---|---|---|
| ৯২ | ১৩৯৭ | শালি | ১ কাঠা |
| ৯৮ | ৬৫৮ | শালি | ৩ কাঠা ৫ ছটাক ৯ বর্গফুট |
| | | মোট ঃ | ৪ কাঠা ৫ ছটাক ৯ বর্গফুট |

Rikta Roy.

<u>দানকৃত সম্পত্তির চৌহদ্দি</u>

উত্তরে ঃ বিমল রায় মহাশয়ের জমি জমা।

দক্ষিনে ঃ বিমল রায় মহাশয়ের জমি জমা।

পূর্বে ঃ মিউনিসিপ্যালিটির ড্রেন অতঃপর ২৪ ফুট প্রশস্ত ঘনশ্যাম ব্যানার্জী রোড।

পশ্চিমে ঃ প্রনতি রায় মহাশয়ার জমি জমা।

*ইসাদিঃ*

১) Goutam Kar
75 No Nabin Pally
Belgharia, Kol-56

Rikta Roy.

দানপত্র দাত্রীর স্বাক্ষর

২) Sanjay Ghosh
36 Patna Road
Nimta Kol-49

অত্র দানপত্র দলিলের মর্ম সম্যক অবগত হইয়া মাতার দেওয়া এই স্নেহের দান সানন্দে গ্রহন করিলাম।

Pranati Roy

দানপত্র গ্রহীতার স্বাক্ষর

মুসাবিদাকারক ঃ
Amitabha De.
(F-891/02)
এ্যাডভোকেট
আলিপুর জাজেস কোর্ট,
কলকাতা - ৭০০০২৭

টাইপকারক ঃ
Bappa Mandal
১২, ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কলকাতা - ৭০০০০১

PRODUCED BY AN AUTODESK EDUCATIONAL PRODUCT

PRODUCED BY AN AUTODESK EDUCATIONAL PRODUCT

PRODUCED BY AN AUTODESK EDUCATIONAL PRODUCT

SITE PLAN PREPARED FOR SHOWING THE LAND SITUATED IN PART OF DAG NO-98 & 92, OFMOUZA-UTTARNIMTA,TOUZI NO-172&173,J.L.NO.-2.,KHATIANNO-658&1397,WARDNO-6, R.S.NO.-102, HOLDING NO.-17(13), GHANASHYAM BANERJEE ROAD, P.S.-NIMTA, DIST.-NORTH 24 PGS., UNDER NORTH DUM DUM MUNICIPALITY.

SCALE=1''=20'-0''

DONEE: SMT.PRANATI ROY
W/O:SRI BIMAL ROY


N

LAND AREA:-50% OF UNDEVIDED PROPERTY

TOTAL LAND AREA:-8K.-10CH.-18SFT.(M/L)

50% OF THE SAME AREA:- 4K.-5CH.-9SFT.

SO DONETED LAND AREA:- 4K.-5CH.-9SFT.




SITE PLAN

Rikta Roy
SIG.OF DONER

S. K. RAY (ARCHITECT)
For S. K. RAY & CO.
Surveyor, Planmaker, Estimator & Valuer
62, New Road, Mandirpara, Birati, Kol-51
Licence No.-N.D.D.M./L.B.S/42
Class I, L.B.S. of North Dum Dum Municipality

DRAWN BY

PRODUCED BY AN AUTODESK EDUCATIONAL PRODUCT

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the A.D.S.R. COSSIPORE DUMDUM, District- North 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 01733 / 2015, Deed No. (Book - I , 01546/2015)

ɟnature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Pranati Roy<br>79/1, Ghanashyam Banerjee Road, Kolkata, Thana:-Nimta, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700049 | <br>18/02/2015 | <br>LTI<br>18/02/2015 | P.Sonali Ray<br>18.2.2015 |

. Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Rikta Roy<br>Address -79/1, Ghanashyam Banerjee Road, Kolkata, Thana:-Nimta, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700049 | Self | <br>18/02/2015 | <br>LTI<br>18/02/2015 | Rikta Roy. |
| 2 | Pranati Roy<br>Address -79/1, Ghanashyam Banerjee Road, Kolkata, Thana:-Nimta, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700049 | Self | <br>18/02/2015 | <br>LTI<br>18/02/2015 | Psonali Ray |

| Name of Identifier of above Person(s) | Signature of Identifier with Date |
|---|---|
| Sanjoy Ghosh<br>36, Patna Road, Kolkata, Thana:-Nimta, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700049 | Sanjay Ghosh<br>18/2/15 |

SEAL OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR COSSIPORE DUM DUM ✱ NORTH 24-PGS.

(Utpal Kumar Basu)
A. D. S. R. COSSIPORE DUMDUM
Office of the A.D.S.R. COSSIPORE DUMDUM

 18/02/2015

## Government Of West Bengal
### Office Of the A.D.S.R. COSSIPORE DUMDUM
### District:-North 24-Parganas

### Endorsement For Deed Number : I - 01546 of 2015
### (Serial No. 01733 of 2015 and Query No. 1506L000001533 of 2015)

**On 18/02/2015**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i), 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount by Draft

Rs. 33311/- is paid , by the draft number 685230, Draft Date 17/02/2015, Bank Name State Bank of India, SHAMBAZAR, received on 18/02/2015

( Under Article : A(1) = 33297/- ,E = 14/- on 18/02/2015 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-30,27,500/-

Certified that the required stamp duty of this document is Rs.- 15158 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 10158/- is paid , by the draft number 685229, Draft Date 17/02/2015, Bank : State Bank of India, SHAMBAZAR, received on 18/02/2015

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 14.34 hrs on :18/02/2015, at the Office of the A.D.S.R. COSSIPORE DUMDUM by Pranati Roy ,Claimant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 18/02/2015 by

1. Rikta Roy, wife of Late Anil Roy , 79/1, Ghanashyam Banerjee Road, Kolkata, Thana:-Nimta, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700049, By Caste Hindu, By Profession : House wife
2. Pranati Roy, daughter of Late Anil Roy , 79/1, Ghanashyam Banerjee Road, Kolkata, Thana:-Nimta, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700049, By Caste Hindu, By Profession : House wife

Identified By Sanjoy Ghosh, son of Late Dharani Dhar Ghosh, 36, Patna Road, Kolkata, Thana:-Nimta, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700049, By Caste: Hindu, By Profession: Business

SEAL OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

( Utpal Kumar Basu )
A. D. S. R. COSSIPORE DUMDUM

( Utpal Kumar Basu )
**A. D. S. R. COSSIPORE DUMDUM**

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 4
Page from 5416 to 5432
being No 01546 for the year 2015.

(Utpal Kumar Basu) 20-February-2015
A. D. S. R. COSSIPORE DUMDUM
Office of the A.D.S.R. COSSIPORE DUMDUM
West Bengal

## SPECIMEN FORM FOR TEN FINGERPRINTS



Rikta Roy.

R. Rikta Roy.

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |

| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Right Hand | | | | | |



Pronati Roy

R. Pronati Roy

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |

| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Right Hand | | | | | |

PHOTO

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |

| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Right Hand | | | | | |

PHOTO

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |

| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Right Hand | | | | | |

PHOTO

| | Little Finger | Ring Finger | Middle Finger | Fore Finger | Thumb |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |

| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Right Hand | | | | | |

Rikta Roy.